

সিলেটে ছাত্রলীগ-ছাত্রদল-শিবির সংঘর্ষ

সিলেট অফিস



সংঘর্ষের সময় এক ছাত্রলীগকর্মীর ওপর চড়াও হয় হামলাকারীরা। ছবি : আশকার আমিন
রাওয়ি

বিএনপি-জমায়াতের ডাকা তিন
দিনের অবরোধের পাশাপাশি
দ্বিতীয় দিনে সিলেট বিভাগ জুড়ে
হরতাল চলছে। এর মধ্যে সিলেট
নগরের বন্দরবাজার এলাকায়
ছাত্রদল, ছাত্রলীগ ও ছাত্রশিবিরের
মধ্যে ত্রিমুখী সংঘর্ষ হয়েছে। এ
সময় হামলায় এইচ আর মুহিবসহ
ছাত্রলীগের একাধিক নেতাকর্মী
আহত হয়েছেন। আজ বুধবার (১
নভেম্বর) বেলা সাড়ে ১১টার দিকে
এই সংঘর্ষ হয়।

প্রত্যক্ষদৰ্শীরা জানান, বেলা সাড়ে
 ১১টার দিকে নগরের বন্দরবাজার
 এলাকার করিমউল্লাহ মার্কেটের
 পাশের গলি থেকে ছাত্রদলের
 নেতাকর্মীরা মিছিল নিয়ে
 বন্দরবাজার আসেন। এ সময় তারা
 রাস্তায় পিকেটিং শুরু করেন।

পরে পুলিশের একটি লেগুনা কোর্ট
 পয়েন্ট থেকে করিমউল্লাহ
 মার্কেটের সামনে এলে সেটিকে
 লক্ষ্য করে ইটপাটকেল ছোড়েন
 ছাত্রদলের নেতাকর্মীরা। এরপর
 তারা ঘুরে ধোপাদিঘি পয়েন্টের
 দিকে যান।

একই সময়ে লাল দীঘিরপারের
 গলি দিয়ে ছাত্রশিবিরের শতাধিক
 নেতাকর্মী বেরিয়ে আসেন। প্রায়
 একই সময়ে কোর্টপয়েন্ট থেকে
 বন্দরবাজারের দিকে
 মোটরসাইকেলে মিছিল করে
 আসছিলেন ছাত্রলীগের
 নেতাকর্মীরা।

এ সময় ছাত্রশিবিরের নেতাকর্মীরা
ছাত্রলীগের ওপর হামলা চালায়।
সংঘর্ষে যোগ দেয় ছাত্রদলও।

ছাত্রলীগ নেতা এইচ আর মুহিব
হামলায় আহত হয়েছেন। এ ছাড়া
হামলায় ছাত্রলীগ নেতা সুজেল
তালুকদারসহ আরো কয়েকজন
ছাত্রলীগের নেতাকর্মী আহত হন।

সংঘর্ষ চলাকালে স্বেচ্ছাসেবক
লীগের নেতাকর্মীরা সংঘর্ষস্থলে
যান। এ সময় সংগঠিত হয়ে
স্বেচ্ছাসেবক লীগ ও ছাত্রলীগ মিলে
হামলাকারীদের ধাওয়া করলে তারা
লালদীঘি পার হয়ে পালিয়ে যায়।
খবর পেয়ে পুলিশও ঘটনাস্থলে
আসে।

এ বিষয়ে জানতে সিলেট মহানগর
পুলিশের (এসএমপি) কোতোয়ালি
মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা
(ওসি) মোহাম্মদ আলী মাহমুদের
সঙ্গে মুঠোফোনে যোগাযোগ করা
হলে তিনি ফোন রিসিভ করেননি।

তবে এসএমপির উপকমিশনার
আজবাহার আলী শেখ কালের
কঠকে বলেন, ‘পরিস্থিতি এখন
শান্ত রয়েছে।’